



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/23/2022

গভর্নর ক্যাথি হোকল

**গভর্নর হোকল হারিকেন ফিয়োনা দ্বারা ক্ষতিগ্রস্তদের উপর থেকে আর্থিক চাপ কমাতে
ব্যাংকিং নির্দেশনা ঘোষণা করলেন**

**ব্যাংকগুলিকে হারিকেন ফিয়োনা দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও ব্যবসাকে সমর্থন করার জন্য
পদক্ষেপ গ্রহণে তাগিদ দেওয়া হয়েছে, যার মধ্যে রয়েছে ATM ফি মওকুফ, অর্থ
লেনদেন ত্বরান্বিত করা, এবং বিলম্ব ফি মওকুফ**

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্কের আর্থিক সেবা শিল্পকে হারিকেন ফিয়োনার পরবর্তীতে পুয়ের্তো রিকোর বাসিন্দাদের সমর্থনে জড়িত করার জন্য নতুন পদক্ষেপ ঘোষণা করেছেন। আর্থিক পরিষেবা ডিপার্টমেন্ট (Department of Financial Services, DFS) নির্দেশনা জারি করেছে যেখানে নিউ ইয়র্ক স্টেট-চার্টার্ড ব্যাংকগুলিকে হারিকেন ফিয়োনা দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও ব্যবসাকে সমর্থন করার জন্য সকল যুক্তিসঙ্গত পদক্ষেপ নিতে আহ্বান করা হয়েছে যার মধ্যে রয়েছে অটোমেটেড টেলার মেশিন (Automated Teller Machine, ATM) এবং বিলম্ব ফি মওকুফ, ATM থেকে উত্তোলনের সীমার বৃদ্ধি, এবং তহবিল লেনদেন ত্বরান্বিত করা। এই পদক্ষেপগুলি অনেক নিউ ইয়র্কবাসীর জন্য আর্থিক চাপ কমাতে যারা নিউ ইয়র্কের ব্যাংক অ্যাকাউন্ট থেকে পুয়ের্তো রিকোতে পরিবার ও বন্ধুদের এবং একইসাথে পুয়ের্তো রিকোর যেকোনো মানুষকে সমর্থন করতে চাইছে।

"যেহেতু তারা হারিকেন ফিয়োনার সৃষ্ট বিপর্যয় থেকে পুনর্গঠনের কাজ করছে, পুয়ের্তো রিকোর এখন ব্যাপক ব্যাপ্তির সংস্থান ও সহায়তার প্রয়োজন রয়েছে যা নিউ ইয়র্ক প্রদান করতে প্রস্তুত," **গভর্নর হোকল বলেন।** "এই সঙ্কটের সময়ে পুয়ের্তো রিকো দ্বীপে আমাদের ভাইবোনদের সাহায্য করার জন্য আমরা আমাদের ক্ষমতার মধ্যে সবকিছু করবো, এবং নিউ ইয়র্ক থেকে অতিরিক্ত আর্থিক সহায়তা ও সমর্থন প্রদানের আজকের ঘোষণা তাদের পুনরুদ্ধারের পথে তাদের সাহায্য করবে।"

নিউ ইয়র্ক আর্থিক পরিষেবা ডিপার্টমেন্টের সুপারিন্টেন্ডেন্ট এড্রিয়ান এ. হ্যারিস বলেন, "আজকে গৃহীত পদক্ষেপ নিশ্চিত করবে যাতে দ্বীপে ব্যবসা করা ব্যাংকগুলি পুয়ের্তো রিকোর মানুষ ও ব্যবসাকে অতি গুরুত্বপূর্ণ সমর্থন প্রদান করার জন্য যৌক্তিক পদক্ষেপ গ্রহণ করবে, যখন তারা বিধ্বংসী এই প্রাকৃতিক দুর্যোগ থেকে পুনরুদ্ধারের প্রচেষ্টা শুরু করেছে।"

আজ জারি করা নির্দেশনাতে, আর্থিক পরিষেবা সুপারিন্টেনডেন্ট হ্যারিস অনুরোধ করেছেন যাতে হারিকেনের ফলে ক্ষতিগ্রস্ত গ্রাহকদের সহায়তা করার জন্য সকল যুক্তিসঙ্গত এবং বিচক্ষণ প্রচেষ্টা গ্রহণ করা হয়, এবং নিম্নলিখিত প্রচেষ্টাসমূহকে উৎসাহিত করা হয়েছে:

- ATM ফি মওকুফ;
- ওভারড্রাফট ফি মওকুফ;
- স্টেটের বাইরের এবং গ্রাহক নয় এমন ব্যক্তিদের চেক ভাঙ্গানোর ক্ষেত্রে বিধিনিষেধ শিথিল করা;
- নতুন ঋণের জন্য ক্রেডিট শর্তাবলী শিথিল করা;
- ক্রেডিটযোগ্য গ্রাহকদের জন্য ক্রেডিট কার্ডের সীমা বৃদ্ধি;
- ক্রেডিট কার্ড এবং অন্যান্য ঋণ ব্যালেন্সের জন্য বিলম্ব ফি মওকুফ;
- পেমেন্ট সংক্রান্ত স্বাচ্ছন্দ্য প্রস্তাব দেওয়া, যেমন ঋণ গ্রাহকদের পেমেন্ট স্থগিত বা কিছু পেমেন্ট বাতিল করা বা পেমেন্টের নির্ধারিত তারিখ বাড়ানো, যা প্রাকৃতিক দুর্যোগ সম্পর্কিত ব্যাঘাতের ফলে ডেলিকোয়েন্সি এবং নেতিবাচক ক্রেডিট এজেন্সি রিপোর্টিং এড়াতে পারবে এবং
- অর্থ ট্রান্সমিটার এবং অন্যান্য আর্থিক সেবা ব্যবসার সাথে একত্রে কাজ করা যাতে হারিকেন ফিয়োনাতে ক্ষতিগ্রস্তদের প্রতি তহবিল প্রদান ত্বরান্বিত এবং নগদের উপলভ্যতার ব্যবস্থা করা যায়।

ব্যংকের নির্দেশনাটির একটি কপি [এখানে](#) পাওয়া যাবে।

হারিকেন মারিয়ার পর থেকে, নিউ ইয়র্ক পুয়ের্তো রিকোকে ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) মাধ্যমে বিলিয়ন বিলিয়ন ফেডারেল তহবিল পেতে সাহায্য করেছে যাতে তারা পুনরুদ্ধার পেতে পারে এবং দ্বীপের শক্তি অবকাঠামোর পুনর্গঠন করতে পারে, পাশাপাশি নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA) দ্বীপের পাওয়ারপ্ল্যান্টসমূহ এবং সাবস্টেশনগুলিতে কারিগরি মূল্যায়ন করেছে। হারিকেন ফিয়োনার পরবর্তীতে, যা হারিকেন মারিয়ার পর দ্বীপটিকে আঘাত করা সবচেয়ে খারাপ বাড়, গভর্নর হোকল পুয়ের্তো রিকোর ত্রাণ প্রচেষ্টায় সহায়তা করার জন্য [নিউ ইয়র্ক স্টেটের পদক্ষেপসমূহ](#) ঘোষণা করেছেন। এই প্রচেষ্টাগুলি পুয়ের্তো রিকোকে এর পুনর্নির্মাণ ও পুনরুদ্ধারে সাহায্য করার নিউ ইয়র্কের দীর্ঘদিনের প্রতিশ্রুতিকে আরো জোরদার করেছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418